গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
(মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা)
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৫৭.৩১.০৮২.১৯-১৭০

তারিখঃ ৩ ভাদ্র ১৪২৫
১৮ আগস্ট ২০১৯

**বিষয় : মেডিকেল সেন্টার হিসেবে তালিকাভুক্তির বিজ্ঞপ্তি প্রচার**

সূত্র : এ মন্ত্রণালয়ের ১৮/০৮/২০১৯ তারিখের ৪৯.০০.০০০০.০৫৭.৩১.০৮২.১৯-১৬৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদেশ গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের **"প্রাক বহির্গমন স্বাস্থ্য পরীক্ষা"** করানোর জন্য **"বিদেশ গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা ২০০৮ (সংশোধিত)"** অনুযায়ী মেডিকেল সেন্টারসমূহ তালিকাভুক্ত করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)। উল্লেখ্য যে, এ বিজ্ঞপ্তিটি ১৯/০৮/১৯ তারিখে 'দৈনিক ইত্তেফাক' এবং 'দ্যা ডেইলি সান' পত্রিকায় প্রকাশিত হবে।

০২। এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকে জারিকৃত 'মেডিকেল সেন্টার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি'টি বিভিন্ন মেডিকেল সেন্টার/সংশ্লিষ্টগণের মাঝে নোটিশ বোর্ড, ওয়েবসাইট বা অন্য কোন উপযুক্ত পদ্ধতিতে ব্যাপক প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বিজ্ঞপ্তি ০১ (এক) পাতা।
নীতিমালা .................. পাতা।

(মো: আমিনুর রহমান)
উপসচিব (এনফোর্সমেন্ট)
ফোন নম্বর : +৮৮-০২- ৪১০৩০২২০
dsmonitoring1@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহাপরিচালক, বিএমইটি, কাকরাইল, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বায়রা, বায়রা ভবন, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।
৬। সভাপতি, গামকা, বাড়ী নং: ৩৪ (১০০ ফিট রোড), মাদানী এভিনিউ, নতুন বাজার, ভাটারা, ঢাকা-১২১২
৭। সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা। (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১। উইং চিফ ............................(সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (মনিঃ এন্ড এনঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি।

F Drive/Letter Rashama

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
(মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা)
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৫৭.৩১.০৮২.১৯-১৬৮

তারিখঃ ৩ ভাদ্র ১৪২৫ / ১৮ আগস্ট ২০১৯

# মেডিকেল সেন্টার তালিকাভূক্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদেশ গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের **"প্রাক বহির্গমন স্বাস্থ্য পরীক্ষা"** করানোর জন্য **"বিদেশ গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা ২০০৮ (সংশোধিত)"** অনুযায়ী কিছু সংখ্যক মেডিকেল সেন্টার তালিকাভূক্ত করা হবে। নির্বাচিত ও তালিকাভূক্ত মেডিকেল সেন্টারসমূহকে উক্ত নীতিমালার যাবতীয় শর্ত মেনে দায়িত্ব পালন করতে হবে। আগ্রহী মেডিকেল সেন্টারকে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১০ (দশ) দিনের মধ্যে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত ফরম এবং বর্ণিত নীতিমালা এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.Probashi.gov.bd), মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা এবং জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা থেকে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য, আবেদন ফরম জমা দানের সময় 'বিবিধ রাজস্ব ও প্রাপ্তি ১-৬৫০১-০০০১-২৬৮১' কোডে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) চালানমূলে জমা প্রদান করতে হবে। আরো উল্লেখ্য যে, কর্তৃপক্ষ যে কোন সময় যে কোন শর্ত পরিবর্তন ও পরিমার্জন করার স্বত্ত সংরক্ষণ করেন।

**(মো: আমিনুর রহমান)**
উপসচিব (এনফোর্সমেন্ট)
ফোন নম্বর : +৮৮-০২- ৪১০৩০২২০
dsmonitoring1@probashi.gov.bd

F Drive/Letter Rashama

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**গবেষণা ও নীতি শাখা-২**
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/১৮ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

নং ৪৯.০০.০০০০.০৪২.০১.০৩৩.১৯.৩৩০- যেহেতু বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে বাংলাদেশী কর্মীদের গন্তব্য দেশের চাহিদার আলোকে বিভিন্ন স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হয়; এবং যেহেতু প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬ বাস্তবায়ন ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিদ্যমান স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালাটি হালনাগাদ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে; সেহেতু উক্ত উদ্দেশ্য পূরণকল্পে সরকার এতদ্দারা "বিদেশে গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা, ২০০৮ (সংশোধিত)" প্রণয়ন করা হলো যথা:

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**

**বিদেশে গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা, ২০০৮ (সংশোধিত)**

১। **প্রস্তাবনা**

প্রতি বছর বাংলাদেশ থেকে উল্লেখযোগ্য সংখ্যক অভিবাসী কর্মী বিদেশ গিয়ে বৈদেশিক কর্মসংস্থান, রেমিট্যান্স প্রবাহ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বিদেশ গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের গন্তব্য দেশের চাহিদার আলোকে বিভিন্ন স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬ এর নীতি নির্দেশনা ২.৩.৮– এ অভিবাসী কর্মীদের বিদেশ যাত্রাকালে কম খরচে সবধরনের স্বাস্থ্যগত পরীক্ষা সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। একইসাথে এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিদ্যমান স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালাটি হালনাগাদ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এক্ষেত্রে স্বাস্থ্য পরীক্ষার ব্যয় অভিবাসন প্রত্যাশীদের নাগালের মধ্যে রেখে আন্তর্জাতিক মানসম্পন্ন শারীরিক ও মানসিক উপযুক্ততার সনদ প্রদান করা প্রয়োজন। কোন কর্মকান্ডের মাধ্যমে এ প্রচেষ্টা ব্যাহত হলে অভিযুক্তদের চিহ্নিত করে দ্রুত ব্যবস্থা গ্রহণের গুরুত্বও অপরিসীম। বিশ্ব শ্রমবাজারে বাংলাদেশের ভাবমূর্তি উন্নত করতে হলে অভিবাসী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট হাসপাতাল ও মেডিকেল সেন্টারসমূহকে প্রয়োজনীয় যন্ত্রপাতি, প্যাথলজিক্যাল ল্যাবরেটরিতে সমৃদ্ধ হতে হবে এবং সেখানে দক্ষ টেকনিশিয়ান ও বিশেষজ্ঞ ডাক্তারের ব্যবস্থা থাকতে হবে। সার্বিকভাবে, মানসম্মত ও গ্রহণযোগ্য স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করার মাধ্যমে নিরাপদ অভিবাসনের লক্ষ্যে "বিদেশে গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা, ২০০৮" এর কতিপয় অনুচ্ছেদ ও পরিশিষ্ট সংশোধন ও সংযোজন করা হলো।

২। উদ্দেশ্যসমূহ

২.১ বিশ্বের বিভিন্ন দেশে গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের সঠিক, মানসম্মত ও গ্রহণযোগ্য স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিতকরণ।

২.২ দক্ষ ল্যাব-কর্মী ও পর্যাপ্ত স্বাস্থ্য পরীক্ষা সরঞ্জামাদি সম্বলিত মেডিকেল সেন্টারে স্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে সুস্থ ও সক্ষম কর্মীদের বিদেশ প্রেরণ।

২.৩ বৈদেশিক শ্রমবাজারের চাহিদা মোতাবেক প্রাক-বহির্গমন স্বাস্থ্য পরীক্ষা সম্পাদনের মাধ্যমে দেশের ভাবমূর্তি সমুন্নত রাখা।

২.৪ বিদেশে প্রতিযোগিতামূলক শ্রমবাজারে বাংলাদেশী শ্রমিকের চাহিদা বৃদ্ধি।

৩। প্রয়োগ ক্ষেত্র

এ নীতিমালা বিশ্বের যে কোন দেশে গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৪। স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল সেন্টার নির্ধারণ

৪.১ সরকার বিদেশ গমনেচ্ছু কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল সেন্টার নির্ধারণ করবে। সরকার নির্ধারিত তালিকার বাইরে অন্য কোন মেডিকেল সেন্টার এর আওতাভূক্ত হবে না। তবে গন্তব্য দেশের চাহিদা অনুযায়ী সরকারি হাসপাতালে বা সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন স্থানে মেডিকেল পরীক্ষা সম্পন্ন করা হলে তা গ্রহণযোগ্য বিবেচিত হবে।

৪.২ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে মেডিকেল সেন্টারের তালিকাভূক্তির জন্য দরখাস্ত আহবান করতে হবে।

৪.৩ মন্ত্রণালয় কর্তৃক এতদুদ্দেশ্য গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক উপযুক্ত মেডিকেল সেন্টারের তালিকাভূক্তি করা হবে।

৪.৪ নির্ধারিত ছকে তালিকাভূক্তির জন্য আবেদন করতে হবে (পরিশিষ্ট-১)।

৪.৫ মেডিকেল সেন্টার তালিকাভূক্তির আবেদনপত্র জমাদানের সময় ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে।

৪.৬ বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রতিটি মেডিকেল সেন্টারকে তালিকাভূক্তির জন্য জামানত হিসাবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অনুকূলে লিয়েন করে জমা দিতে হবে।

৪.৭ কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য বাংলাদেশের কোন মেডিকেল সেন্টার ইতঃপূর্বে অন্য কোন দেশে গমনকারী কর্মীদের পরীক্ষার জন্য সংশ্লিষ্ট দেশ কর্তৃক তালিকাভুক্ত হয়ে থাকলে ঐ মেডিকেল সেন্টারকে এ নীতিমালার আওতায় নতুন করে তালিকাভূক্তির জন্য জনবল, ডাক্তারী যন্ত্রপাতির তালিকা ও তালিকাভূক্তির সনদ ও অন্যান্য প্রমানাদিসহ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে আবেদন করতে হবে। জনবল ও যন্ত্রপাতি এ নীতিমালায় বর্ণিত তালিকা হতে কম হলে বা মানসম্পন্ন না হলে এ নীতিমালা জারীর ২ (দুই) মাসের মধ্যে ঐ ঘাটতি পূরণ করতে হবে।

৪.৮ এ নীতিমালার অধীনে তালিকাভুক্ত মেডিকেল সেন্টারগুলো বিদেশ গমনেচ্ছু কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে শারীরিক উপযুক্ততার সনদ প্রদান করবে।

৫। মেডিকেল সেন্টার তালিকাভূক্তির জন্য বাছাই কমিটি

পূর্বানুচ্ছেদে বর্ণিত উদ্দেশ্য পূরণকালে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি ৭ (সাত) সদস্যবিশিষ্ট বাছাই কমিটি গঠিত হবেঃ

| | | |
|---|---|---|
| (ক) | অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আহবায়ক |
| (খ) | স্বাস্থ্য সেবা বিভাগের মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| (গ) | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | |
| (ঙ) | পরিচালক (বহির্গমন), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | সদস্য |
| (চ) | উপ-পরিচালক (হাসপাতাল-১) স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| (ছ) | বায়রার একজন প্রতিনিধি | সদস্য |

৬। বাছাই কমিটির দায়িত্ব

কমিটি প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই ও সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে তালিকাভূক্তির সুপারিশ করবে। এক্ষেত্রে দায়িত্ব যথাযথ পালনের জন্য একটি Term of Reference (ToR) তৈরি এবং এর ভিত্তিতে আবেদন যাচাই-বাছাই, সরেজমিন পরিদর্শন ও চূড়ান্তকরণ সম্পন্ন করতে হবে।

৭। বাছাই কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল

৭.১ কোন প্রতিষ্ঠান বাছাই কমিটির সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে ৩(তিন) সদস্যবিশিষ্ট আপীল কমিটির নিকট আপীল দায়ের করতে পারবে। আপীল কমিটি নিম্নরুপভাবে গঠিত হবেঃ

| | | |
|---|---|---|
| (ক) | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | আহবায়ক |
| (খ) | মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | সদস্য |
| (গ) | পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |

৭.২ মেডিকেল সেন্টারের তালিকা পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে কমিটির নিকট আপীল আবেদন করতে হবে।

৭.৩ আপীল কমিটি সকল কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা ও প্রয়োজনীয় শুনানী অন্তে ৩০(ত্রিশ) কর্ম দিবসের মধ্যে আপীল নিষ্পত্তি করবে।

৭.৪ আপীল কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। তালিকাভূক্তির ক্ষেত্রে মেডিকেল সেন্টারের যোগ্যতা

৮.১ মেডিকেল সেন্টারের অবস্থান ঢাকা মহানগরী, সকল বিভাগীয় শহর এবং জেলা শহরের কোন গুরুত্বপূর্ণ জায়গায় এবং স্বাস্থ্যকর পরিবেশে পাকা ভবনে হতে হবে।

৮.২ স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ও লাইসেন্স প্রাপ্ত হতে হবে। তালিকাভূক্তির ক্ষেত্রে 'এ' ক্যাটাগরির মেডিকেল সেন্টারসমূহকে অগ্রাধিকার দেয়া হবে।

৮.৩ মেডিকেল সেন্টারের এক্স-রে ইউনিটের জন্য বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের Nuclear Safety and Radiation Control Division কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্স থাকতে হবে।

৮.৪ ক্লিনিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার (Clinical Waste Disposal) জন্য Incinerator সহ আধুনিক ব্যবস্থা থাকতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদ থাকতে হবে।

৮.৫ আন্তর্জাতিক মান বজায় রেখে ডাক্তারী পরীক্ষা সম্পন্ন করার পাশাপাশি কম্পিউটারাইজড ও অনলাইন রিপোর্ট প্রদানের সক্ষমতা থাকতে হবে। দ্রুততম সময়ে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে নির্ভুল রিপোর্ট প্রদানের সক্ষমতা থাকতে হবে।

৮.৬ মেডিকেল সেন্টারে ন্যূনতম ৫০ জনের বসার সুসজ্জিত অপেক্ষাগার বা ওয়েটিং রুম থাকতে হবে।

৮.৭ বিভিন্ন ডাক্তারী পরীক্ষা সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সংখ্যক আধুনিক যন্ত্রপাতি সজ্জিত কক্ষ থাকতে হবে।

৮.৮ সার্বক্ষণিক পানি, বিদ্যুৎ ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা থাকতে হবে।

৮.৯ ডাক্তারী পরীক্ষার মান আন্তর্জাতিক মানসম্পন্ন (WHO) হতে হবে।

৮.১০ পরীক্ষিত কর্মীদের প্রাসঙ্গিক তথ্যাদি ন্যূনতম ১ (এক) বছর সংরক্ষণ করতে হবে।

৮.১১ মেডিকেল সেন্টারগুলোতে ন্যূনতম নিম্নবর্ণিত জনবল থাকতে হবে:

| SL. No | Name of the post | Quantity |
|---|---|---|
| (1) | Consultant medicine (Part time/ full time) | 01 |
| (2) | Pathologist/Haematologist (Full time) | 01 |
| (3) | Microbiologist/Biochemist (Full time) | 01 |
| (4) | Laboratory Technologist (Full Time) | 03 |
| (5) | Radiologist (Full time) | 01 |
| (6) | Radiographer (Full Time) | 01 |
| (7) | Medical Officer (Full Time) | 02 |
| (8) | Computer Operator (Full Time) | 02 |
| (9) | Safety Officer (Full Time) | 02 |
| (10) | Cleaner(Full Time) | 02 |

৮.১২ মেডিকেল সেন্টারগুলোতে ন্যূনতম নিম্নবর্ণিত স্বাস্থ্য পরীক্ষার সুবিধাদি থাকতে হবেঃ

| SL. No | Name of the Test | Method |
|---|---|---|
| (1) | HIV1 & HIV2 | ELISA(WHO Standard) |
| (2) | Hepatitis B&C | ELISA(WHO Standard) |
| (3) | VDRL Test & TPHA | ELISA(WHO Standard) |
| (4) | Test for Malarial Parasite | RDT (ICT Method) |
| (5) | Urine for RME | Standard |
| (6) | Blood Grouping | ABO & Rh System |
| (7) | Blood for RBS | If need do FBS & PPBS (Two hours after 75 Gram Glucose drink) |
| (8) | Stool RME | Standard |
| (9) | Urine for Pregnancy Teat for Female | Latex and Strip Method (WHO Standard). Serum Beta-HCG(if positive) |
| (10) | DOPE Test for Opiate, Cannabis & Amphetamine (Yaba) | ELISA(WHO Standard) |
| (11) | X-ray Chest P/A View | To detect Lung & Heart Diseases. |

৮.১৩ মেডিকেল সেন্টারে স্বাস্থ্য পরীক্ষার জন্য ন্যূনতম নিম্নবর্ণিত যন্ত্রপাতি থাকতে হবে:

**Radiology (X-ray)**

| SL. No | Name of the Instrument | Quality |
|---|---|---|
| (1) | Minimum-300mA digital X-ray machine | |
| (2) | Auto Processor | |
| (3) | Quality X-ray Film | |
| (4) | Radiation protection system | Approved by BAEC |

**Biomedical Instrument**

| SL. No | Name of the Instrument | Quantity |
|---|---|---|
| (1) | Binocular Microscope(Olympus/Zeiss) | 02 |
| (2) | Biochemistry Analyzer(Auto/Semi Auto) | 01 |
| (3) | Hematology Auto Analyzer (Sysmex/Siemens/pentra) | 01 |
| (4) | Bench top centrifuge machine | 02 |
| (5) | ELISA full set(Reader, Washer, Shaker) | 01 |
| (6) | Micropipette & Ancillary Instrument | As per need |

৯। তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের দায়িত্ব ও কর্তব্য

৯.১ তালিকাভুক্ত মেডিকেল সেন্টারকে প্রত্যেক কর্মীর স্বাস্থ্য পরীক্ষা সংশ্লিষ্ট নিয়োগকারী দেশের চাহিদা ও মান অনুযায়ী সম্পন্ন করতে হবে।

৯.২ স্বাস্থ্য পরীক্ষার পর নির্ধারিত ছকে (পরিশিষ্ট-২) মেডিকেল রিপোর্ট প্রদান করতে হবে।

৯.৩ মেডিকেল রিপোর্টে কর্মীর ছবি সংযুক্ত করে তাতে মেডিকেল সেন্টারের সীল ও দায়িত্বপ্রাপ্ত ডাক্তারের রেজিস্ট্রেশন নম্বরসহ স্বাক্ষর থাকতে হবে।

৯.৪ মেডিকেল রিপোর্ট সতর্কতার সাথে প্রস্তুত করতে হবে যেন তা জাল করার সুযোগ না থাকে।

৯.৫ ডাক্তারী পরীক্ষার রিপোর্ট গোপনীয় তথ্য হিসেবে গণ্য হবে এবং তা জনসমক্ষে প্রকাশ করা হতে বিরত থাকতে হবে।

৯.৬ মেডিকেল সেন্টার স্বাস্থ্য মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তর/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/বিএমইটি/সরকারী দায়িত্ব প্রাপ্ত অন্যান্য সংস্থার কর্মকর্তাদের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখতে হবে।

৯.৭ স্বাস্থ্য পরীক্ষার ৩ (তিন) দিনের মধ্যে কর্মীর ছবি সংযোজনসহ স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট কর্মীকে এবং চাহিদা অনুযায়ী সময়ে সময়ে নির্ধারিত কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

৯.৮ মেডিকেল সার্টিফিকেটে প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত তথ্যাদির সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মেডিকেল সেন্টারের উপর বর্তাবে।

৯.৯ স্বাস্থ্য পরীক্ষার পর মেডিকেল রিপোর্ট সংক্রান্ত তথ্য পরিশিষ্ট-৩ এ বর্ণিত ছকে অনলাইনের মাধ্যমে বিএমইটি-তে প্রেরণ করবে।

৯.১০ মেডিকেল সেন্টারের স্থান পরিবর্তনের পূর্বে অবশ্যই স্বাস্থ্য অধিদপ্তর এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে।

৯.১১ প্রতিটি মেডিকেল সেন্টারে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে। অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress system) মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ও অনলাইন অভিযোগ নিয়মিত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে এবং সংশ্লিষ্ট তথ্যাদি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

**১০। স্বাস্থ্য পরীক্ষার ফি**

১০.১ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিজ্ঞপ্তির মাধ্যমে সময় সময় বিদেশে চাকুরী প্রত্যাশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার ফি নির্ধারণ করবে। তবে কোন দেশের সরকারের সাথে বাংলাদেশের কোন মেডিকেল সেন্টারের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত কাজ অব্যাহত থাকলে উক্ত মেডিকেল সেন্টারের জন্য ঐ দেশের সরকার কর্তৃক নির্ধারিত স্বাস্থ্য পরীক্ষার ফি বলবৎ থাকবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট দেশ কর্তৃক মেডিকেল ফিসহ স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে অবহিত রাখতে হবে।

১০.২ কোন অবস্থাতেই বাংলাদেশ সরকার বা অন্য দেশের সরকার কর্তৃক নির্ধারিত ফি'র অতিরিক্ত কোন অর্থ কর্মীদের নিকট হতে গ্রহণ করা যাবে না।

**১১। তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের তত্ত্বাবধান**

১১.১ স্বাস্থ্য পরীক্ষার মান অক্ষুন্ন রাখার জন্য একটি বিশেষজ্ঞ কমিটি থাকবে। উক্ত কমিটি নির্ধারিত মেডিকেল সেন্টারগুলোর স্বাস্থ্য পরীক্ষার মান, পরীক্ষাগারের কর্মীদের দক্ষতা ও মেডিকেল সেন্টারের পরিচ্ছন্নতা সংক্রান্ত বিষয়াদি সরজমিনে পরিদর্শন করে প্রতি বছর অন্যূন একবার কিংবা প্রয়োজনে একাধিকবার পরিদর্শন শেষে মতামতসহ রিপোর্ট প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করবে। কোন মেডিকেল সেন্টারের বিরুদ্ধে অনিয়ম ও অদক্ষতার অভিযোগের সত্যতা পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্ত ও তালিকাভূক্তি বাতিলসহ প্রচলিত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১.২ বিশেষজ্ঞ কমিটি নিম্নরূপভাবে গঠিত হবেঃ

| | | |
|---|---|---|
| (1) | অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সভাপতি |
| (2) | উপ-সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| (3) | উপ-পরিচালক (হাসপাতাল-১), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| (4) | চিফ টেকনিক্যাল ম্যানেজার, NEMEW&TC, ঢাকা | সদস্য |
| (5) | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের দুইজন প্রতিনিধি (একজন Pathologist ও একজন Radiologist) | সদস্য |
| (6) | উপ-সচিব (মনিটরিং/ এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |

১১.৩ বিভিন্ন দেশের সরকার বা সংস্থা কর্তৃক তাদের তালিকাভুক্ত মেডিকেল সেন্টার পরিদর্শনের ব্যবস্থা অব্যাহত থাকবে।

**১২। মন্ত্রণালয়ের প্রশাসনিক সহযোগিতা**

১২.১ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এতদসংক্রান্ত যাবতীয় প্রশাসনিক কার্যাদি সম্পন্ন করবে।

১২.১ মেডিকেল সেন্টার কর্তৃক স্থাপিত অভিযোগ বাক্সে প্রাপ্ত অভিযোগ এবং অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress system) মাধ্যমে প্রাপ্ত অভিযোগ মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত মনিটরিং ও নিস্পত্তি করা হবে।

**১৩। মেডিকেল সেন্টার কর্তৃক সংঘটিত অনিয়ম ও তার বিরুদ্ধে প্রতিকারঃ-**

১৩.১ তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত প্রদত্ত রিপোর্টে কোন ভুল তথ্য, অসম্পূর্ণ অথবা অদক্ষ স্বাস্থ্য পরীক্ষার কারণে কিংবা কর্মী বিদেশে পুনঃস্বাস্থ্য পরীক্ষার পর বাংলাদেশে সম্পাদিত মেডিকেল টেষ্ট ভুল বিবেচিত হওয়ায় কর্মী বিদেশে Medically Unfit হলে (সুপ্ত অবস্থায় থাকে এমন রোগের কারণ ব্যতীত) অথবা কর্মী দেশে ফেরত আসলে কর্মীকে সরকার নির্ধারিত হারে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।

১৩.২ তালিকাভুক্ত মেডিকেল সেন্টারের বিরুদ্ধে অসততা বা অদক্ষতার অভিযোগ প্রমাণিত হলে জামানত বাজেয়াপ্তসহ মেডিকেল সেন্টারের তালিকাভূক্তি দুই বছরের জন্য স্থগিত করা হবে। পরবর্তীতে একই অপরাধের পুনরাবৃত্তির ক্ষেত্রে তালিকাভূক্তি বাতিল করা হবে। প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩.৩ গন্তব্য দেশের সরকার কর্তৃক তালিকাভুক্ত মেডিকেল সেন্টার কর্তৃক প্রদত্ত ডাক্তারী পরীক্ষায় অনিয়ম, অদক্ষতা ও ভুলের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের নীতিমালায় যে সকল শাস্তি এবং ক্ষতিপূরণের বিধান রয়েছে তা অব্যাহত থাকবে।

**১৪। স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টের মেয়াদকাল**

মেডিকেল সেন্টার কর্তৃক প্রদত্ত কর্মীদের স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টের কার্যকারিতা ৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে। তবে মেডিকেল সেন্টারসমূহ উক্ত রিপোর্ট অন্যূন ৩ (তিন) বৎসর পর্যন্ত সংরক্ষণ করবে।

**১৫। গন্তব্য দেশ কর্তৃক নতুন কোন শর্ত আরোপিত হলে বাধ্যবাধকতা**

চাকুরী প্রদানকারী কোন দেশ যদি স্বাস্থ্য পরীক্ষার জন্য নতুন কোন শর্ত আরোপ করে তবে তালিকাভূক্ত মেডিকেল সেন্টারকে তা প্রতিপালন করতে হবে।

**১৬। পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধন**

সরকার সময় সময় এ নীতিমালার যে কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**রৌনক জাহান**
সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

পরিশিষ্ট-১

## মেডিকেল সেন্টার তালিকাভূক্তির আবেদন

১। আবেদনকারীর নাম :

২। পিতার নাম :

৩। মাতার নাম :

৪। স্থায়ী ঠিকানা :

৫। বর্তমান ঠিকানা :

৬। শিক্ষাগত যোগ্যতা :

৭। জন্ম তারিখ :

৮। পেশা :

৯। মেডিকেল সেন্টারের নাম :

১০। মেডিকেল সেন্টারের ঠিকানা :

১১। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স নম্বর ও তার মেয়াদকাল (লাইসেন্সের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

১২। বাংলাদেশ আণবিক শক্তি কমিশন কর্তৃক প্রদত্ত এক্সরে ইউনিটের লাইসেন্সের বিবরণ (লাইসেন্সের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে) :

১৩। মেডিকেল সেন্টারের জনবলের শিক্ষাগত যোগ্যতাসহ বিবরণ (নিয়োগপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

১৪। মেডিকেল সেন্টারের বিভিন্ন কক্ষের বর্ণনা (লে-আউট সংযোজন করতে হবে):

১৫। মেডিকেল সেন্টারের বিভিন্ন যন্ত্রপাতির বিবরণ (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাবে):

১৬। Clinical waste disposal সুবিধার বর্ণনা এবং সনদ (সনদের সত্যায়িত কপি সংযোজন করতে হবে):

১৭। মেডিকেল সেন্টারে বিদেশ গমনেচ্ছু কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা, ২০০৮ (সংশোধিত)-তে বর্ণিত স্বাস্থ্য পরীক্ষার সুবিধাদি আছে কিনা (সুবিধাদির বিশোদ বর্ণনা করতে হবে। প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাবে):

আমি দৃঢ়ভাবে জানাচ্ছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সঠিক। আমি সরকারের সকল নিয়ম-কানুন প্রতিপালন করে মেডিকেল সেন্টারের কার্যক্রম পরিচালনা করতে বাধ্য থাকব।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর

পরিশিষ্ট-২

# Health Examination Report

Photo & Seal

Serial No:

Date of Exam:

## A. Personal Information:

Full Name:

Nationality: Date of Birth:

Passport No: Place of issue:

NID No: BMET smart card No:

Position applied for: Destination Country:

Address:

## B. Physical Report:

Height: cm Weight: kg Blood pressure: mm of Hg

Visual Accurity: Right eye: Left eye:

Color vision: Right eye: Left eye:

Hernia: Epilepsy:

## C. Laboratory Report:

Blood: (* If required)

| | | | |
|---|---|---|---|
| Blood group: | | Urea: | |
| Haemoglobin: | | S. creatinine: | |
| TC: | | FBS & PPBS*: | |
| DC: | | | |

Urine for RME:

| | | | |
|---|---|---|---|
| Glucose: | | RBC: | |
| Albumin: | | WBC: | |
| Pregnancy Test: | | | |

*Pregnancy test (Latex & Strip method; Serum Beta-HCG if positive) is for female workers only

Stool for RME:

| |
|---|
| |
| |

**D. Radiology Report (X-ray Chest P/A View & others*):**

| |
|---|
| |
| |

(* If required)

**E. Communicable Diseases & DOPE Test Report:**

| | | | |
|---|---|---|---|
| Hepatitis B & C (ELISA): | | HIV1 & HIV2(ELISA) | |
| VDRL Test & TPHA: | | Malarial parasite (RDT) | |
| DOPE test(Opiate): | | DOPE test (Cannabis): | |
| DOPE test (Amphetamine): | | | |

**F. DOPE Test Report:**

| | | | |
|---|---|---|---|
| Opiate: | | Cannabis: | |
| Amphetamine: | | | |

G. **Summary & Recommendation (Mentionins Fit/ Unfit for the job):**

| |
|---|
| |
| |
| |
| |
| |

Signature of Clinic Authority

BMET Regn. No: ..............................

Seal of the Medical Centre

Signature of the Doctor

BMDC Regn. No: ..............................

Seal of the Doctor (with name)

Note 1: Stamp of the medical centre/ Clinic on the photo is required. Clinical authority and Doctor should sign the report.

Note 2: The medical report and X-ray should be submitted to the health authority of the country of destination (CoD)

পরিশিষ্ট-৩

## কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত তথ্য

(অনলাইনে বি.এম.ই.টি-তে প্রেরণের জন্য)

পদের নাম : .......................................................................................................

| ক্রমিক নং | কর্মীর নাম | পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পাসপোর্ট নম্বর | এন.আই.ডি নম্বর | শারীরিক অনুপযুক্ততা থাকলে তার বর্ণনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |